

“শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

Centre for Environment & Climate Change Research (CECCR) Project

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭।



স্মারক নং- CECCR Project / প্রশাসনিক/০০৪/২০১৮/৩৪৪

তারিখঃ ২১/০৬/২০২২খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীন Centre for Environment & Climate Change Research (CECCR) শীর্ষক প্রকল্পের আওতায় শুধুমাত্র প্রকল্পকালীন সময়ের জন্য সর্বসাকুল্য বেতনে (চুক্তিভিত্তিক) নিম্নোক্ত পদে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	রিসার্চ অফিসার (অভিযোজন) ৩৫,৬০০/- (সর্বসাকুল্যে)	০১টি	ক) পরিবেশ বিজ্ঞান/বন ও পরিবেশ বিজ্ঞান/পদার্থবিদ্যা/জীব বিজ্ঞান/পরিবেশ প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। খ) অভিজ্ঞতাঃ জলবায়ু পরিবর্তনের প্রভাব, বিপদাপন্নতা(Vulnerability) এবং অভিযোজন' মূল্যায়ন সম্পর্কিত বিষয়ে কমপক্ষে ০১ এক বছরের ব্যবহারিক কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
০২।	অফিস সাপোর্টিং স্টাফ (এম এল এস এস) ১৫,৮৫০/- (সর্বসাকুল্যে)	০১টি	এসএসসি এবং সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা।
০৩।	সিকিউরিটি গার্ড ১৫,৮৫০/- (সর্বসাকুল্যে)	০১টি	এসএসসি এবং সংশ্লিষ্ট কাজে ০৩ বছরের অভিজ্ঞতা।
	মোট	০৩টি	

শর্তাবলীঃ

- আবেদনকারীকে অবশ্যই জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত “ছক” পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ১৪/০৭/২০২২ তারিখ অথবা তৎপূর্বে অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, Centre for Environment & Climate Change Research (CECCR) Project, পরিবেশ ভবন, কক্ষ নং-৪১২ (৪র্থ তলা), ই-১৬, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭ ঠিকানায় অবশ্যই প্রাপ্তি স্বীকারপত্রসহ রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযোজন করতে হবে। প্রার্থী জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্র প্রেরণের খামের উপরের বামপার্শ্বে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
- সর্বসাকুল্য বেতনে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত ১৪/০৭/২০২২ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স ৪৫ বছর।
- সর্বসাকুল্য বেতনে নিয়োগকৃত জনবল অর্থ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মোতাবেক অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।
- Project Director, Centre for Environment & Climate Change Research (CECCR) Project -এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক থেকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করতে পারবেন।
- নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২১.৬.২০২২

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৮১৮১২৯৫

স-১৬৮৮ (৭x৪)